শেষ হলো ল্যাম্পার্ডের এভারটন অধ্যায়

ইংলিশ প্রিমিয়ার লিগে (ইপিএল) রেলিগেশনের খরায় থাকা এভারটন শেষ পর্যন্ত ফ্র্যাঙ্ক ল্যাম্পার্ডকে বরখাস্ত করেছে। গুডিসন পার্কে এক বছরেরও কম সময় দায়িত্বে ছিলেন চেলসির সাবেক এই তারকা মিডফিল্ডার ও কোচ। ব্রিটিশ গণমাধ্যমেই গতকাল এ খবর প্রকাশিত হয়।

২০২২ সালের জানুয়ারিতে রাফায়েল বেনিতেজের স্থলাভিষিক্ত হয়েছিলেন ল্যাম্পার্ড। কিন্তু নতুন মৌসুমে তার অধীনে এভারটনের অবনমন হতে হতে টেবিলের ১৯তম স্থানে গিয়ে ঠেকেছে। এই মুহূর্তে তলানির দল সাউদাম্পটনের সঙ্গে সমান ১৫ পয়েন্ট এভারটনের। ক্লাবের ধারাবাহিক ব্যর্থতার জেরে মাসের শুরুতে নিরাপত্তা ঝুঁকি থাকায় গুডিসন পার্কে লিগের ম্যাচ দেখতে যেতে পারেনি ক্লাব পরিচালকরা। শনিবার মৌসুমের আরেক ব্যর্থ দল ওয়েস্ট হামের কাছে ২-০ গোলের পরাজয়ের স্বাদ পেয়েছে এভারটন। শেষ ১২ লিগ ম্যাচে এটি ছিল তাদের নবম পরাজয়।

এভারটনের মালিক ফরহাদ মোশিরি এর আগে ৪৪ বছর বয়সী ল্যাম্পার্ডের প্রতি সমর্থকদের সহযোগিতা চেয়েছিলেন। কিন্তু ওয়েস্ট হ্যামের বিরুদ্ধে ম্যাচ দেখতে প্রায় এক বছরের বেশি সময় পর মাঠে উপস্থিত হয়েছিলেন মোশিরি। ম্যাচ শেষে তাকে ল্যাম্পার্ড প্রসঙ্গে প্রশ্ন করা হলে স্কাই স্পোর্টসকে মোশিরি বলেছেন, ‘আমি এ ব্যপারে কোন মন্তব্য করবো না, এটা আমার একক কোন সিদ্ধান্ত নয়।’

নিজের ভবিষ্যত সম্পর্কে ল্যাম্পার্ড বলেন, ‘এ বিষয়গুলো আমার পছন্দের ওপর নির্ভর করেনা। আমার দায়িত্ব হলো কাজ করে যাওয়া, নিজের কাজের উপর গুরুত্ব দেওয়া। আমি জানি ক্লাবের বর্তমান পরিস্থিতি কি। চেয়ারম্যান বা বোর্ডের কোন সদস্য যদি মাঠে উপস্থিত থাকে তবে এ ধরনের পরিস্থিতি কখনোই কাম্য নয়।’

১৯৫৪ সালের পর প্রথমবারের মত প্রিমিয়ার লিগ থেকে ছিটকে পড়ার শঙ্কায় এভারটন বাধ্য হয়েই বেনিতেজকে দায়িত্ব থেকে সরিয়ে দেয়। ১২ মাস আগে ল্যাম্পার্ড এভারটনের দায়িত্ব গ্রহণ করেছিলেন। ঐ সময় ক্লাবটি ১৬তম স্থানে ছিল। চেলসির সাবেক এই কোচ প্রাথমিক ভাবে ক্লাবটিকে রেলিগেশন থেকে রক্ষা করার কাজই করেছেন।

গুডিসন পার্কের অতি উৎসাহী কিছু সমর্থকই ক্লাবের প্রাণ। টফিসরা গত মৌসুমের শেষ ছয়টি লিগ ম্যাচের তিনটিতে জয়ী হয়ে নিজেদের অবস্থান রক্ষা করে। এর মধ্যে ক্রিস্টাল প্যালেসের বিরুদ্ধে ৩-২ গোলের নাটকীয় জয়ের ম্যাচটি ছিল।

গত মৌসুমের সাফল্য ধরে রাখতে পারেনি ল্যাম্পার্ড। যে কারণে এই নিয়ে গত সাত বছরে অষ্টম ম্যানেজারের খোঁজ করতে হচ্ছে এভারটনকে। সব ধরনের প্রতিযোগিতায় ল্যাম্পার্ডের অধীনে ৪৪ ম্যাচে মাত্র ১২টিতে জয় পেয়েছে এভারটন। সাবেক বার্নলি বস সিন ডাইচ, লিডসের সাবেক কোচ মার্সেলো বিয়েসলা নতুন কোচের তালিকায় রয়েছে। এছাড়া বর্তমান ওয়েস্ট হাম ও এভারটনের সাবেক কোচ ডেভিড ময়েসকেও আবারো ফিরিয়ে আনা হতে পারে। এই তালিকায় আরো রয়েছেন আলি-ইতিহাদ বস নুনো এস্পিরিতো সান্তো, উলভসের সাবেক ও বর্তমানে মেজর লিগ সকারের ক্লাব ডিসি ইউনাইটেডের কোচ ও এভারটনের সাবেক স্ট্রাইকার ওয়েইন রুনি।

সূত্র: ইত্তেফাক

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে আন্তঃস্কুল পুরস্কার বিতরণ অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলার কুতুবপুর স্কুল এন্ড কলেজে শেখ কামাল আন্তঃস্কুল ও মাদ্রাসা অ্যাটলেটিক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ করা হয়েছে।

আজ সোমবার দিনব্যাপি খেলাধুলা শেষে বিকেল ৩টার সময় পুরুস্কার বিতরণ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহাম্মদ মিজানুর রহমান রানা সভাপতি কুতুবপুর স্কুল এন্ড কলেজ ও চেয়ারম্যান ১ নং ইউনিয়ন পরিষদ সভাপতিত্ব করেন মোঃ হাফিজুল ইসলাম অধ্যক্ষ

ভারপ্রাপ্ত কুতুবপুর স্কুল এন্ড কলেজ।

এ সময় উপস্থিত ছিলেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন,গাড়াবাড়ীয়া নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক সহ কুতুবপুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য ও ২ নং ওয়ার্ডের মেম্বর জিনারুল ইসলাম, কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, সহকারী শিক্ষক, আক্তারুজ্জামান লাভলু, জয়নাল আবেদীন প্রমুখ।

শেখ কামাল আন্ত স্কুল ও মাদ্রাসা অ্যাথলেটিক প্রতিযোগিতা খেলায় কাথুলী ইউনিয়নের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা অংশ গ্রহন করেন। খেলা সহ দেশত্ববোধক গানের সাথে নিত্য করেন স্কুলের ছাত্রীরা।

জুনে সাফ চ্যাম্পিয়নশিপ

দক্ষিণ এশিয়ার ফুটবলের বড় আসর সাফ চ্যাম্পিয়ন অনুষ্ঠিত হবে ২০ জুন থেকে ৩ জুলাই। খেলা কেথায় হবে, তা নির্ধারণ হয়নি।

ভেন্যু নির্ধারণের জন্য দেশগুলোকে চিঠি দেওয়া হয়েছে। কেউ যদি ভেন্যু নিতে চায়, সাফ চ্যাম্পিয়নশিপ আয়োজন করতে চায়—তাহলে নিশ্চিত করতে হবে।

শেষ বার সাফ হয়েছিল মালদ্বীপে। তার আগের বার হয়েছিল বাংলাদেশে। এখন এই দুই দেশ আয়োজক হওয়ার লড়াইয়ে পিছিয়ে থাকবে। ভারত এগিয়ে থাকবে। ভারত যদি সাফ আয়োজন করতে না চায়, তাহলে অন্য কোনো দেশের সুযোগ আসবে।

সূত্র: ইত্তেফাক

পেশোয়ারের তরুণী নিশে খানকে বিয়ে করলেন শান মাসুদ

পাকিস্তানের টপ অর্ডার ব্যাটার শান মাসুদ বিয়ে করেছেন। শনিবার পাকিস্তানের পেশোয়ারে কনে নিশে খানের সঙ্গে তার বিয়ে সম্পন্ন হয়।

ক্রিকেট কিংবদন্তি শহিদ আফ্রিদি, বাবর আজম এবং অলরাউন্ডার শাদাব খানসহ পাকিস্তান ক্রিকেট দলের সদস্যরা এতে যোগ দেন। খবর জিও নিউজের।

ঘনিষ্ঠ বন্ধু-বান্ধব ও পরিবারের সদস্যদের জন্য আগামী ২৭ জানুায়ারি করাচিতে বরের বাড়িতে বিবাহোত্তর সংবর্ধনার আয়োজন করা হয়েছে।

গত এক সপ্তাহ ধরেই বিয়ের বিভিন্ন অনুষ্ঠান চলছে। ৩২ বছর বয়সি পাকিস্তান টিমের এ টপ অর্ডার ব্যাটারের জন্ম ১৯৮৯ সালের ১৪ অক্টোবর, কুয়েতে।

এ পর্যন্ত শান মাসুদ ২৭টি টেস্ট, পাঁচটি ওডিআই ও ১৯টি টি-২০ ম্যাচ খেলেছেন। ২০২২ সালে অনুষ্ঠিত টি-২০ বিশ্বকাপে পাকিস্তাল জাতীয় দলেও ছিলেন শান মাসুদ।

ইংল্যান্ডের কাউন্টি ক্রিকেটে ইয়র্কশায়ারের সঙ্গে এ বছর চুক্তি হয়েছে পাকিস্তানি এ ক্রিকেটারের। সব ফরম্যাট মিলিয়ে এ পর্যন্ত ২ হাজারের বেশি রান করেছেন তিনি।

তিন ফরম্যাটেই সিরিজ খেলতে বাংলাদেশে আসছে আয়ারল্যান্ড

তিন ম্যাচের ওয়ানডে দিয়ে আগামী মার্চে ঘরের মাঠে আয়ারল্যান্ডের বিপক্ষে সিরিজ শুরু করবে বাংলাদেশ ক্রিকেট দল। এরপর আইরিশদের

বিপক্ষে তিন ম্যাচের টি-টোয়েন্টি এবং এক ম্যাচের টেস্ট সিরিজ খেলবে টাইগাররা।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) পরিচালক ও বিসিবির নারী উইংয়ের চেয়ারম্যান নাদেল চৌধুরী ক্রিকেট বিষয়ক ওয়েবসাইট ক্রিকবাজকে জানিয়েছেন এসব তথ্য।

সূচি অনুযায়ী আগামী ১৮ মার্চ থেকে শুরু হবে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ। পরের দু’টি ওয়ানডে হবে ২০ এবং ২৩ মার্চ। ওয়ানডে সিরিজের সবগুলো ম্যাচ হবে হবে সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে।

সিলেটে ওয়ানডে সিরিজ নিয়ে নাদেল বলেন, ‘হ্যা, সিলেটে ওয়ানডে সিরিজ দিয়ে আয়ারল্যান্ডের সফর শুরু হবে। এজন্য আমরা পুরোপুরি প্রস্তুত।’

ওয়ানডে শেষে চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরি স্টেডিয়ামে ২৬, ২৮ এবং ৩০ মার্চ টি-টোয়েন্টি সিরিজ অনুষ্ঠিত হবে।

৪ এপ্রিল থেকে ৮ এপ্রিল একমাত্র টেস্ট ম্যাচটি অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে মিরপুরের শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে

আন্তর্জাতিক অঙ্গনে আয়ারল্যান্ডের বিপক্ষে ১০টি ওয়ানডে ও ৫টি টি-টোয়েন্টি খেলেছে বাংলাদেশ। তবে এখন পর্যন্ত আইরিশদের সঙ্গে কোন টেস্ট খেলেনি টাইগাররা। আয়ারল্যান্ডের বিপক্ষে ওয়ানডেতে ৭টি জয় ও টি-টোয়েন্টিতে ৩টি জয় আছে বাংলাদেশের।

আয়ারল্যান্ডের বিপক্ষে বাংলাদেশের সম্ভাব্য সূচি :

ওয়ানডে
১৮ মার্চ : প্রথম ওয়ানডে, সিলেট
২০ মার্চ : দ্বিতীয় ওয়ানডে, সিলেট
২৩ মার্চ : তৃতীয় ওয়ানডে, সিলেট

টি-টোয়েন্টি
২৬ মার্চ : প্রথম টি-টোয়েন্টি, চট্টগ্রাম ২৮ মার্চ : দ্বিতীয় টি-টোয়েন্টি, চট্টগ্রাম ৩০ মার্চ : তৃতীয় টি-টোয়েন্টি, চট্টগ্রাম

টেস্ট
৪-৮ এপ্রিল, একমাত্র টেস্ট, মিরপুর

সূত্র: ইত্তেফাক

দর্শনায় ক্রিকেট টুর্নামেন্ট ডিপিএল’র উদ্বোধন

“খেলা ধুলায় মনোনিবেশ করি, মাদকমুক্ত সমাজ গড়ি” এই শ্গালোগানকে সামনে রেখে দর্শনা পৌর মাঠে দর্শনা প্রিমিয়ার লীগের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান, দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহাফুজুর রহমান মনজু।

শুক্রবার বিকাল ৩ টার দিকে দর্শনা খেলাঘরের আয়োজনে ডিপিএলে’র উদ্বোধনী ম্যাচে অংশ নেয় টাইগার ক্লাব একাদশ ও শান্তিনগর একাদশ। ১২ ওভারের এ ম্যাচে টাইগার ক্লাবকে ৮ উইকেটে হারিয়ে বিজয়ী হয়েছে শান্তিনগর একাদশ। খেলা পরিচালনা করেন, টিটু, সুলভ দাস ও সাজু।

উদ্বোধনী খেলায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, শিক্ষক নেতা হারুন জুয়েল, দামুড়হুদা উপজেলা যুবলীগের সহসম্পাদক আ. মান্নান খান, দর্শনা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক শেখ আসলাম আলী তোতা প্রমুখ।

রায়পুরে নাইট ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন ফিল্ডপাড়া সেভেন স্টার

মেহেরপুর সদর উপজেলার রায়পুর জাগরণী ক্লাবের উদ্যোগে নাইট ফুটবল টুর্নামেন্টে ফিল্ডপাড়া সেভেন স্টার টিম চ্যাম্পিয়ন হয়েছে।

গতকাল শুক্রবার রাতে রায়পুর ফুটবল মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় ফিল্ডপাড়া সেভেন স্টার ৫-০ গোলে চৌকিদার হেয়ার কাটিং টিমকে পরাজিত করে। খেলা পরিচালনা করে ছিলেন শামীম এবং সহযোগী হিসেবে দায়িত্ব পালন করেন লাল চাঁদ ও রকি।

খেলা শেষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী দলের মাঝে পুরস্কার তুলে দেন এডভোকেট আব্দুল্লাহ আল মামুন রাসেল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেদী হাসান, বকুল আলী, আলী হোসেন, আজগর আলী এবং রায়পুর জাগরণী ক্লাবের পরামর্শদাতা ফারুক হোসেন।

রায়পুর জাগরণী ক্লাবের উদ্যোগে নাইট ফুটবল টুরামেন্টে রায়পুরের বিভিন্ন ফুটবল প্লেয়ার এবং ফুটবল খেলা ভক্ত বিভিন্ন শ্রেণি পেশার শতশত মানুষ কনকনে শীতের মধ্যে এই নাইট ফুটবল টুর্নামেন্ট উপভোগ করেন।

১২৪ একর ভুট্টা খেতে ‘মেসি’ ফুটিয়ে তুললেন কৃষক

বিশ্বকাপজয়ী লিওনেল মেসিকে ভালোবেসে শ্রদ্ধা জানিয়ে কত জনে কত বিচিত্র-অদ্ভুত কাণ্ডকারখানাই তো করেছেন বা করছেন। আর্জেন্টিনার এক সমর্থক যেমন নিজ মুখে মেসির ট্যাটু এঁকে সমালোচিত হয়েছেন। তীব্র সমালোচনার মুখে পরে সেই ট্যাটু মুছেও ফেলেছেন। তবে আর্জেন্টিনারই এক কৃষক এমন এক বিস্ময়কর ঘটনার জন্ম দিয়েছেন, যা এরই মধ্যে ফুটবল দুনিয়াকে বিস্ময়ে হতবাক করে দিয়েছে। ঐ কৃষক যে মেসিকে ফুটিয়ে তুলেছেন ফসলের খেতে। ভুট্টারখেতে ভুট্টার চারায় চারায় এঁকেছেন মেসির দাড়ি-গোঁফ সমৃদ্ধ মুখখানা। যেন ভুট্টার খেতে শুয়ে আছেন জীবন্ত মেসি!

তা-ও এক-দুই বিঘা জমিতে নয়, ঐ কৃষক মেসিকে ফুটিয়ে তুলেছেন ১২৪ একর, তা ৩৭২ বিঘা জমিতে! বিস্তীর্ণ খেত জুড়ে মেসির মুখটি পরিষ্কারভাবে ফুটে উঠেছে ড্রোন ক্যামেরায়। মানে ভুট্টার খেতটিতে গেলেও আপনি খালি চোখে মেসির মুখ দেখতে পাবেন না। খেতের পাশে দাঁড়িয়ে তা দেখা সম্ভব নয়। ভুট্টার চারায় অঙ্কিত মেসিকে দেখতে

হলে আপনাকেও ড্রোন ক্যামেরাসমেত বিমান নিয়ে যেতে হবে।

বিস্ময়কর এই কাজটি সফলতার সঙ্গে সম্পন্ন করা কৃষকের নাম ম্যাক্সিমিলিয়ানো স্পিনাজ্জি। তার বাড়ি আর্জেন্টিনার মধ্য করদোবা রাজ্যের লস কনদোরেসে। তিনি মূলত ভুট্টা চাষি। কাজটি সম্পন্ন করেছেন তিনিই। তবে ফসলের খেতে জীবন্ত মেসিকে ফুটিয়ে তোলার ভাবনাটা প্রথম আসে কৃষি প্রকৌশলী কার্লোস ফারিকেল্লি। তিনি আর্জেন্টিনার অনেক কৃষকের সঙ্গে বিষয়টি নিয়ে কথা বলেন। পরে চ্যালেঞ্জটা নেন ম্যাক্সিমিলিয়ানো স্পিনাজ্জি। এর পর দুজনে মিলে শুরু করেন গবেষণা, মেসিকে ফুটিয়ে তুলতে কীভাবে বীজ ছিটাতে হবে, কোথায় বেশি করে বীজ ছিটাতে হবে, কোথায় কম বীজ ছিটাতে হবে—গবেষণার মাধ্যমে সবকিছুই করা হয়েছে পরিকল্পনা মতো। দাড়ি, গোঁফ, চোখের ভ্রু, মাথার চুল—এসব জায়গার জন্য বেশি করে বীজ ছিটানো হয়, যাতে চারাগাছ ঘন হয়। মুখায়বের বাকি অংশগুলোর জন্য বীজ ছিটানো হয় পাতলা করে।

নিজেদের প্রচেষ্টায় সফল হওয়ায় ভীষণ খুশি তারা। তারা খুশি মেসিকে এভাবে শ্রদ্ধা জানাতে পেরে। কৃষক ম্যাক্সিমিলিয়ানো স্পিনাজ্জি বলেছেন, ‘আমার কাছে মেসি অপরাজেয়। তারা এখন বিশ্ব চ্যাম্পিয়ন। মেসির মুখ শস্যখেতে ফুটিয়ে তুলতে পেরে সত্যিই আমি উচ্ছ্বসিত।’ প্রকৌশলী ফারকেল্লি বলেছেন, ‘ফসলের মাঠে মেসিকে ফুটিয়ে তুলতে কীভাবে শস্যদানা ছিটাতে হবে, এই ধারণাটা আমারই। এটি মেসির প্রতি আমাদের শ্রদ্ধা।’

উল্লেখ্য, ভুট্টাই আর্জেন্টিনার প্রধান কৃষিপণ্য। ভুট্টা রপ্তানিতে মেসিদের দেশ বিশ্বে তৃতীয়।

সূত্র: ইত্তেফাক

জয়ে ফেরার লক্ষ্যে টস জিতে

বোলিংয়ে ঢাকা

প্রথম ম্যাচে জয়ের পর টানা তিন ম্যাচে হেরে পরাজয়ের হ্যাটট্রিক করে ফেলেছে ঢাকা ডমিনেটর্স। জয়ে ফেরার লক্ষ্য নিয়ে আজ কুমিল্লা ভিক্টোরিয়ান্সের মুখোমুখি হচ্ছে নাসির হোসেনের দল। টস জিতে আগে বোলিং করার সিদ্ধান্ত নিয়েছে ঢাকা ডমিনেটর্স।

চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে আজ দুপুর ১তা ৩০ মিনিটে কুমিল্লা ভিক্টোরিয়ান্সের মুখোমুখি হবে ঢাকা ডমিনেটর্স। টপ্স জিতে কুমিল্লাকে ব্যাটিংয়ের আমন্ত্রণ জানিয়েছে ঢাকার অধিনায়ক নাসির হোসেন।

হ্যাটট্রিক হারের পর যেমন জয়ের খোঁজে মাঠে নামছে ঢাকা তেমনি আজ হ্যাটট্রিক জয়ের উদ্দেশ্যে মাঠে নামবে বর্তমান চ্যাম্পিয়ন কুমিল্লা।

বিপিএলে নিজেদের প্রথম ম্যাচে দারুণ এক জয় পেয়েছিলো ঢাকা। তারপরই পথ হারায় দলটি। টানা তিন ম্যাচে হেরে টেবিলের তলানিতে রয়েছে ডমিনেটর্স। আজকের ম্যাচ দিয়েই জয়ে ফিরতে মরিয়া তারা।

অন্যদিকে, প্রথম তিন ম্যাচে টানা হারের পর টান দুই ম্যাচে দুর্দান্ত দুই জয় তুলে নিয়ে হ্যাটট্রিক জয়ের অপেক্ষায় ইমরুল কায়েসের কুমিল্লা ভিক্টোরিয়ান্স। এবার বিপিএলে প্রথম পাঁচ ম্যাচের পাঁচটিতেই জিতে উড়তে থাকা সিলেটকে হারিয়েছে কুমিল্লা। হ্যাটট্রিক জয়ের ব্যাপারে বেশ আত্মবিশ্বাসী হয়েই মাঠে নামবে ভিক্টোরিয়ান্সরা।

সূত্র: ইত্তেফাক

উপজেলা পর্যায়ে ৩টি খেলাতে

চ্যাম্পিয়ন কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয়

জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩-এ ব্যাডমিন্টন, ভলিবল এবং হ্যান্ডবল খেলায় কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের মেয়েরা উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

আজ সিরাজুল ইসলাম মুসলিম হাইস্কুলে অনুষ্ঠিত উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতায় অংশ নিয়ে ব্যাডমিন্টন, ভলিবল এবং হ্যান্ডবল খেলায় উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়।

বিকেলে পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চ্যাম্পিয়ন ট্রফি তুলে দেন কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস।

এসময় ভেন্যু প্রধান সিরাজুল ইসলাম মুসলিম হাইস্কুলের প্রধান শিক্ষক নীলিমা বিশ্বাস, কলকাকলি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জেবুন নেসা সবুজ, কালেক্টরেট স্কুল এন্ড কলেজের সহকারী প্রধান শিক্ষক আফরোজা আক্তার ডিউ সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের মেয়েরা এমন কৃতিত্ব লাভ করায় খেলোয়াড় ও সংশ্লিষ্টদের ধন্যবাদ জ্ঞাপন করেছেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোজাম্মেল হক।